গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়, মৌলভীবাজার।
www.cs.moulvibazar.gov.bd

স্মারক নং- সিসামৌ/শা-৪/নিয়োগ/২০২৩/১৮৫৮ তারিখ: ২০/০৮/২০২৩খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-স্বাসেবি/প্রশা-১/২সি-০২/২০০৬/১৫৪৯ তারিখ: ১৮ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ মোতাবেক সিভিল সার্জনের কার্যালয়, মৌলভীবাজার ও এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহে রাজস্ব (স্থায়ী/অস্থায়ী) খাতের পূর্বতন ৩য় শ্রেণির (১১-১৭ গ্রেড) নিম্নলিখিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অনলাইনে (Online) https://csmbr.teletalk.com.bd আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন গ্রেড ও স্কেল ২০১৫ অনুযায়ী | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবরেটরী) | ০৫ (পাঁচ) | গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০/-) | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হতে মেডিকেল টেকনোলজি (ল্যাবরেটরী) এ ডিপ্লোমা ডিগ্রী। | বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০২ | মেডিকেল টেকনোলজিস্ট (ডেন্টাল) | ০১ (এক) | গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০/-) | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হতে মেডিকেল টেকনোলজি (ডেন্টাল) এ ডিপ্লোমা ডিগ্রী। | |
| ০৩ | ফার্মাসিস্ট | ২২ (বাইশ) | গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০/-) | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হতে ফার্মেসিতে ডিপ্লোমা ডিগ্রী এবং বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল হতে রেজিস্ট্রেশন প্রাপ্ত। | |
| ০৪ | পরিসংখ্যানবিদ | ০২ (দুই) | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/গণিত/ অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | শুধুমাত্র মৌলভীবাজার জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| ০৫ | কোল্ড চেইন টেকনিশিয়ান | ০১ (এক) | গ্রেড-১৫ (৯৭০০-২৩৪৯০/-) | কোনো স্বীকৃত বোর্ড হতে রেফ্রিজারেশন বা এয়ার কন্ডিশনিং ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৬ | স্টোর কিপার | ০২ (দুই) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) স্টোর কিপার পদধারীগণকে সরকারি বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে। | |
| ০৭ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৫ (পাঁচ) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ারপয়েন্ট, ডাটা এন্ট্রির কাজে অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২০ শব্দ এবং ইংরেজিতে অন্যূন ২০ শব্দের গতি থাকতে হবে। | |
| ০৮ | স্বাস্থ্য সহকারী | ৮৩ (তিরাশি) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৯ | গাড়ি চালক | ০১ (এক) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ড্রাইভিং লাইসেন্সসহ যানবাহন চালনায় অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ১০ | ল্যাবরেটরী এটেনডেন্ট | ০১ (এক) | ( গ্রেড-১৯) (৮৫০০-২০৫৭০/-) | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

DAILY NOTICE PUBLISH

**আবেদনের শর্ত ও নির্দেশনাবলী :**

১। আগ্রহী প্রার্থীগণ https://csmbr.teletalk.com.bd ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক Online আবেদন করতে পারবেন। সরাসরি/ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না।

২। নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান প্রতিপালিত হবে।

৩। আবেদনকারীর বয়স ২৪/০৮/২০২৩ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এসএসসি সনদপত্র/জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রে প্রদত্ত জন্মতারিখের ভিত্তিতে বয়স প্রমাণিত হবে।

৪। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে সরকারী বিধি বিধান অনুসরণ পূর্বক (নির্ধারিত বয়স সীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র (NOC) এর মূল কপি বাধ্যতামূলক ভাবে জমা দিতে হবে।

৫। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতঃপূর্বে কোন সার্টিফিকেট বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) উল্লেখ সহ সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

৬। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থীকে যে ওয়ার্ডের (পুরাতন) জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণও আবেদন করতে পারবেন। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ডের যোগ্য প্রার্থীদেরকে নির্বাচন করা হবে।

৭। স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা (ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা ভিত্তিতে) সিভিল সার্জনের কার্যালয় এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটে পাওয়া যাবে।

৮। প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য গোপন, অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন প্রকারের প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরেও যে কোন পর্যায়ে প্রার্থীর প্রার্থীতা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে ।

৯। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০। প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক পদের বিপরীতে আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

১১। আবেদনের সময়সীমা ও নিয়মাবলী/শর্তাবলী নিম্নরূপঃ

(ক) Online-এ আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২৪/০৮/২০২৩ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা হতে।

(খ) Online-এ আবেদন জমাদানের শেষ তারিখ ও সময় ১৪/০৯/২০২৩ খ্রিঃ বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত।

(গ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

১২। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100 kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 kb এর মধ্যে হতে হবে।

১৩। Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১৪। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

১৫। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ-**

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant`s Copy পাবেন। উক্ত Applicant`s Copy প্রার্থী প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষণ করবেন। Applicant`s Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং পরবর্তীতে User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি এসএমএস করে পরীক্ষার- ফি বাবদ ক্রমিক নং ০১ হতে ০৩ পর্যন্ত পদের জন্য (৩০০/- টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ ৩৪/- টাকাসহ) মোট ৩৩৪/-(তিনশত চৌত্রিশ) টাকা অফেরতযোগ্য, ক্রমিক নং ০৪ হতে ০৯ পর্যন্ত পদের জন্য (২০০/- টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ ২৩/- টাকাসহ) মোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা অফেরতযোগ্য এবং ক্রমিক নং-১০ পদের জন্য (১০০/- টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ) মোট ১১২/-(একশত বার) টাকা অফেরতযোগ্য অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

<u>১ম এসএমএস :</u>

CSMBR<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : CSMBR ABCDEF
Reply SMS : Applicant`s name...Tk.334/223/112.......will be charged as application fee. Your PIN is XXXXXXXXXXX. To pay fee type CSMBR<space>YES<space>PIN and send to 16222

<u>২য় এসএমএস :</u>

DAILY NOTICE PUBLISH

CSMBR<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : CSMBR YES XXXXXXXXXXX

Online Job Protal

Reply SMS : Congratulations Applicant`s name, Payment completed successfully for CSMBR for Application for XXXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXX).

১৬। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://csmbr.teletalk.com.bd অথবা www.cs.moulvibazar.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্যপ্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

১৭। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) সময় অবশ্যই প্রদর্শন করবেন।

১৮। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(ক) User ID জানা থাকলে : CSMBR <space>**Help**<space>**User**<space>**User ID and send to 16222.**
Example : CSMBR Help User ABCDEF.

(খ) PIN Number জানা থাকলে : **CSMBR**<space>**Help**<space>**PIN**<space>**PIN No and send to 16222.**
Example : CSMBR Help PIN 12345678.

১৯। Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd অথবা টেলিটক নম্বর থেকে 121 নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল ফেসবুক পেইজে https://www.facebook.com/alljobsbdTeletalk প্রবেশ করে মেসেজের মাধ্যমে যোগাযোগ করা যাবে, অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে।

( Mail/মেসেজ এর Subject-এ Organization Name: CSMBR, Post Name, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে) ।

২০। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন ইত্যাদি (যদি থাকে) এবং প্রার্থীগণের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্য সিভিল সার্জনের কার্যালয়, মৌলভীবাজার এর নোটিশ বোর্ডের মাধ্যমে অথবা ওয়েবসাইটে (www.cs.moulvibazar.gov.bd) জানা যাবে।

২১। প্রাথমিকভাবে যাচাই-বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র সমূহের মূলকপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং **এক সেট সত্যায়িত অনুলিপি** জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখ সহ) কর্তৃক সম্পাদিত হতে হবে।

২২। মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সনদপত্র/প্রয়োজনীয় কাগজপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূলসনদপত্র/সাময়িক সনদপত্র/প্রত্যয়নপত্র/অনুমতিপত্র।

(খ) জেলার স্থায়ীবাসিন্দা হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করতঃ) নাগরিকত্ব সনদপত্র ।

(গ) জাতীয় পরিচয়পত্র (NID)/জন্মনিবন্ধন সনদপত্র।
(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঙ) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি।
(চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র/প্রমাণক।
(ছ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।
(জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।
(ঝ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে জেলা সমাজ সেবা কার্যালয়ের উপ-পরিচালক/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র।
(ঞ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা প্রার্থীদের ক্ষেত্রে সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক জেলা কমান্ডেন্ট/জেলা আনসার এ্যাডজুটেন্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র।
(ট) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটারে দক্ষতার প্রমাণস্বরূপ সনদপত্র।
(ঠ) ডাউনলোডকৃত Applicant's Copy এবং Admit Card এর রঙিন প্রিন্ট কপি।

২৩। স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশা-২/৩য় শ্রেণী নিয়োগ-৪/২০১৮/৬৩৫৪ তারিখ: ১১/১২/২০১৮খ্রিঃ মূলে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যেসব প্রার্থী অনলাইনে ইতঃপূর্বে পরিসংখ্যানবিদ, স্বাস্থ্য সহকারী এবং ল্যাবরেটরী এটেনডেন্ট পদের জন্য আবেদন করেছেন তাদের পুনরায় নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। তাদের আবেদন সঠিক থাকলে গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে এবং তাদের বয়স পূর্বের নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী গণনাযোগ্য হবে। তারা বর্তমানে ২০/০৮/২০২৩খ্রিঃ তারিখে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তি মূলে উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন এবং যোগ্য প্রার্থীদের উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে।

২৪। প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক বা যাতায়াত ভাতা দেয়া হবে না।

২৫। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। অনলাইনে আবেদন ও নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো প্রকার আপত্তি উত্থাপন করা যাবে না।

২৬। লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার ফলাফল এবং নিয়োগ সংক্রান্ত সকল তথ্য সিভিল সার্জনের কার্যালয়, মৌলভীবাজার এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.cs.moulvibazar.gov.bd) পাওয়া যাবে। এছাড়া QR Code স্ক্যানের মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd/csmbr ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে বিজ্ঞপ্তিটি ও অন্যান্য তথ্যাদি পাওয়া যাবে।

২৭। ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরেও যেকোন পর্যায়ে প্রার্থীতা/নিয়োগ বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

***** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

20.8.23

(ডা. চৌধুরী জালাল উদ্দিন মুর্শেদ)
সিভিল সার্জন, মৌলভীবাজার।
ও
সদস্য সচিব
পুর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণির (১১-২০ গ্রেড)
জনবল নিয়োগ কমিটি, মৌলভীবাজার।

DAILY NOTICE PUBLISH
Online Job Protal

স্মারক নং-সিসামৌ/শা-৪/নিয়োগ/২০২৩/ ১৮৫৮/২৪

তারিখ: ২০/০৮/২০২৩খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আর্কষণঃ সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব।
০২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আর্কষণঃ উপসচিব (প্রশাসন-১ শাখা)।
০৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে-ই-বাংলানগর, ঢাকা-১২০৭। দৃষ্টি আর্কষণঃ সচিব মহোদয়ের একান্ত সচিব।
০৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃষ্টি আর্কষণঃ সহকারী পরিচালক (সমন্বয়)।
০৫। পরিচালক (প্রশাসন/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
০৬। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি ডিজিএইচএস-এর ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
০৭। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট।
০৮। উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
১০। পুলিশ সুপার, মৌলভীবাজার।
১১। সিভিল সার্জন, ________________ (সকল), সিলেট বিভাগ, সিলেট।
১২। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, গুলশান-১, ঢাকা-১২১২। দৃষ্টি আর্কষণঃ ম্যানেজার, VAS-2। উপর্যুক্ত বিজ্ঞপ্তির আলোকে অনলাইনে আবেদন গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুরোধ করা হলো।
১৩। উপ-পরিচালক, আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ সরকারি কর্মকমিশন, সিলেট।
১৪। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড/বিটিসিএল, মৌলভীবাজার।
১৫। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়/জেলা যুব উন্নয়ন অধিদপ্তর/জেলা সমাজসেবা অধিদপ্তর/জেলা কমান্ডেন্ট (আনসার), মৌলভীবাজার।
১৬। জেলা তথ্য কর্মকর্তা, জেলা তথ্য অফিস, মৌলভীবাজার।
১৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ______________ (সকল), মৌলভীবাজার।
১৮। ________________________________ কর্মকর্তা, মৌলভীবাজার।
১৯। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৌলভীবাজার।
২০। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।
২১। সংশ্লিষ্ট নথি।

20.8.23
সিভিল সার্জন
মৌলভীবাজার।